গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ, মেলান্দহ
জামালপুর

# অক্টোবর/২০২৩ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ কামরুজ্জামান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ , মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ১২/১০/২০২৩ খ্রি:
সময় : বেলা ১২.০০ ঘটিকা।
উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন/ না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রঃনং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | জনপ্রশাসন | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক সভায় জানানো হয় যে, বিগত বছরের ন্যায় আগামী ২০.১০.২০২৩ খ্রি: তারিখ হতে ২৪.১০.২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত হিন্দু সম্প্রদায়ের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা ২০২৩ মেলান্দহ উপজেলায় ২২ টি পূজা মন্ডপে উদযাপনের লক্ষ্যে উপস্থিত সকলের সুচিন্তিত মতামত ও সহযোগিতা প্রত্যাশা করেন। | আলোচনান্তে, আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ যথাযথ মর্যাদা ও শান্তিপূর্ণভাবে উদযাপনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ২ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা স্বাস্থ্য ও প:প কর্মকর্তা |
| ৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা প:প কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প:প কর্মকর্তা |
| ৪ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ১। প্রদর্শনীবাস্তবায়নঃএই মাসে রোপা আমন ফসলের ১৫ টি পারিবারিক পুষ্টি বাগান প্রদর্শনী ১৫ জন কৃষকের মাঝে বাস্তবায়ন করা হয়। ৫৫টি প্রদর্শনীর ফলোআপ করা হয় ২। মাঠ দিবস :বিভিন্ন ফসলের এবং এফএফএস এর মাঝে ০১ টি মাঠ দিবস করা হয়। উক্ত মাঠ দিবসে ১৪৫ জন কৃষক উপস্থিত ছিলেন এবং নতুন ফসল বিষয়ে উদ্বোদ্ধ হয়েছেন ৩। কৃষক প্রশিক্ষণ :উদ্বোদ্ধ করনের মাধ্যমে ১৫০ জন কৃষককে প্রশিক্ষণ/পরামর্শ প্রদান করা হয় ৪। সার ও বালাইনাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাইনাশক দোকান পরিদর্শন ৫। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে (চলমান)। | ধারাবাহিক কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৫ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান ১। ১২ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২৩ পর্যন্ত প্রজননক্ষম ইলিশ মাছ সংরক্ষণে সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সরকার কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে। এ ব্যাপারে মেলান্দহ উপজেলায় বিভিন্ন মাছ বাজারে আড়তদার ও মাছ ব্যবসায়ি ও সংশ্লিষ্টদের সাথে মতবিনিময়, লিফলেট বিতরণ ও মাছ বাজারে ব্যানার টানানোর মাধ্যমে প্রচারণা ও সচেতন করা হচ্ছে ২। চলতি অর্থবছরে সিতানি আশ্রয়ন পকুরে মোট ৭৫ কেজি পোনা অবমুক্ত করা হয়েছে এবং পোনা অবমুক্তি পরবর্তী নিয়মিত পুকুর পরিদর্শন করে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান করা হচ্ছে ৩। চলতি মাসে মাঠ পরিদর্শন ও পৌরসভা এবং বিভিন্ন ইউনিয়ন হতে আগত ২০ জন মৎস্যচাষি/পোনামাছ চাষিকে চাহিদা মাফিক পুকুরের পানি পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান করা হয়েছে ৪। মৎস্য হ্যাচারি ও মৎস্য খাদ্য বিক্রেতা দোকান নিয়মিত পরিদর্শণ করা হচ্ছে এবং লাইসেন্স হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে ৫। ২০২৩-২৪ অর্থবছরে ০৩ টি ব্যাচের (৮০ জন) প্রশিক্ষণ বরাদ্ধ পাওয়া গেছে। প্রশিক্ষণ কার্যক্রম শীঘ্রই শুরু করা হবে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৬ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান, অক্টোবর/২৩খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৭৭০টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩৮৬ টি, গাবদিপশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২১৮৫টি,হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২৩৯৫৪টি, খামার পরিদর্শন ১২ টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ০৮টি, উঠান বৈঠকে অংশগ্রহণকারীরর সংখ্যা ১২৫ জন, ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প আয়োজন ০২ টি , ভ্যাক্সিনেশন ক্যাম্প আয়োজন ০ টি,টিকা বিক্রি বাবদ রাজস্ব আদায় হয়েছে ১২৭৯৫ টাকা এবং সিমেন সরবরাহ করে রাজস্ব আদায় হয়েছে ৫৭,৭৫০ টাকা এবং খামার রেজিস্ট্রেশন ও নবায়ন করে রাজস্ব আদায় হয়েছে ২৮৭৫ টাকা ।প্রাণিসম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের মাননীয় প্রধান মন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রদত্ত মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রাম সহ নানা ধরনের প্রাণিসম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে । এলডিডিপি প্রকল্প থেকে মুরগি ও ছাগল পিজির সদস্যদের জন্য মুরগি ও ছাগলের ঘর নির্মাণ এর কাজ চলমান রয়েছে। ইউনিয়ন পর্যায়ে প্রতিটি ওয়ার্ডে ক্যাম্প করে ছাগল ও ভেড়াকে বিনা মূল্যে পিপিআর ভ্যাক্সিন প্রদান কার্যক্রম সফলতাবে সম্পন্ন হয়েছে। যা চলমান ছিলো ৩০/০৯/২০২৩ খ্রিঃ থেকে ০৯/১০/২০২৩ খ্রিঃ পর্যন্ত । মাহমুদপুর বাজারের মাংস ব্যাবসায়ীদের নিয়ে মিটিং করা হয়েছে,তারা যাতে স্বাস্থ্য সম্মত উপায়ে এবং সকাল সকাল গরু-ছাগল জবাই করে এই বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। | আলোচনান্তে, খামার পরিদর্শন, খামারিদের সহযোগিতা, অন্যান্য সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, সাম্প্রতিক বন্যা শুরু হলে, বন্যায় সম্ভাব্য ক্ষতিগ্রস্থ অসহায় দরিদ্র পরিবারকে খাদ্য সহায়তা দেওয়ার জন্য মোট = (১৫+১০) = ২৫.০০ মে:টন জিআর চাল বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দকৃত জিআর চাল বন্যা/বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ অসহায় দরিদ্র পরিবারের মধ্যে ১০ কেজি হারে বিতরণ করার জন্য ইউনিয়নওয়ারী বিভাজন দিয়ে ইউপি চেয়ারম্যানের অনুকূলে ছাড়পত্র প্রদান করা হয় এবং জিআর চাল খাদ্যগুদাম থেকে উত্তোলন পূর্বক ট্যাগ অফিসারের উপস্থিতিতে দরিদ্র অসহায় পরিবারের মধ্যে ১০ কেজি হারে বিতরণ করে, বিতরণ মাস্টাররোল প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। এখন পর্যন্ত কোন ইউপি থেকে জিআর চাল বিতরণ করে মাস্টাররোল দাখিল করেননি। অত:পর প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বরাদ্দকৃত জিআর চাল ট্যাগ অফিসারের উপস্থিতিতে দ্রুত বিতরণ করে, বিতরণ মাস্টাররোল দাখিল করার জন্য সম্মানীত ইউপি চেয়ারম্যানগণকে পুন: অনুরোধ করেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে আরও জানান যে, আসন্ন শারদীয় দুর্গা পূজায় মেলান্দহ উপজেলাতে মোট ২২টি পূজামন্ডপ অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত ২২টি পূজামন্ডপের বিপরীতে ৫০০ কেজি হারে মোট ১১.০০০ মে:টন জিআর চালের বরাদ্দ পাওয়া যায়। যা দ্রুত মন্ডপ প্রতি ৫০০ কেজি হারে পূজা মন্ডপের সভাপতি/সম্পাদকের অনুকূলে ছাড়পত্র প্রদান করা হবে। এছাড়া চলতি অর্থ বছরে টিআর, কাবিটা/কাবিখা কর্মসূচির আওতায় ১ম কিস্তিতে বরাদ্দকৃত টাকা/খাদ্যশস্যের বিপরীতে ইউপি থেকে প্রকল্প তালিকা চাওয়া হয়। সকল ইউপি থেকে এখনো প্রকল্পের তালিকা পাওয়া যায়নি। এক্ষেত্রে দ্রুত প্রকল্প তালিকা দাখিল করার জন্যও ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন। সবশেষে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ১৩ অক্টোবর২০২৩, রোজ শুক্রবার " আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস ২০২ " উদযাপনের লক্ষ্যে মেলান্দহ উপজেলায় গৃহিত সকল কর্মসূচিতে সকলের অংশগ্রহণের আমন্ত্রণ জানান। | আলোচনান্তে, প্রত্যেক ইউনিয়ন হতে বিতরণকৃত জিআর এর মাস্টারোল ও কাবিটা/কাবিখা বিপরীতে প্রকল্পের তালিকা দাখিল করার জন্য এই সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা |
| ৮ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, (০১) সকল বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর (দলিত হরিজন) জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর (দলিত হরিজন) জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তির উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশনের কার্যক্রম ৯১% সম্পন্ন হয়েছে এবং বাকী কার্যক্রম আগামী নভেম্বর মাসের মধ্যে সম্পন্ন করার জন্য সমাজসেবা অধিদফতর কর্তৃক নির্দেশনা রয়েছে। যাদের লাইভ ভেরিফিকেশনের কার্যক্রম বাকী আছে তাদের আইডি কার্ড অফিসে যাচাই বাচাই কাজ অব্যাহত আছে। (০২) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রমের আওতায় ৫,০০,০০০/- বিভিন্ন স্কিমের বিপরীতে উপজেলা ক্ষুদ্রঋণ প্রকল্প বাস্তবায়ন কমিটির অনুমোদনের মাধ্যমে ঋণ গ্রহীতাদের মাঝে বিতরন কাজ সম্পন্ন হয়েছে। (০৩) ) সকল বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, অনগ্রসর (দলিত হরিজন) জনগোষ্ঠীর বিশেষ ভাতা, বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা, হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর (দলিত হরিজন) জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি, বেদে জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি সহ সর্বমোট ভাতা ভোগী-৩২,৩৩৯ জন। সর্বমোট প্রেরিত পে-রোল-২৯,১৫৩ জন এবং পে-রোল প্রদানের হার: ৯০%। (০৪) উপজেলা সমাজসেবা কার্যালয় মেলান্দহ,জামালপুর এর অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | চলমান কাজগুলো অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ১০ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ১। ২০২৩-২০২৪ ভালনারেবল উইমেন বেনেফিট (ভিডব্লিউবি) চক্রের সেপ্টেম্বর/২০২৩ ইং পর্যন্ত ১১টি ইউনিয়নের ডিও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে ছাড় করা হয়েছে ২। মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৩ – ২০২৪ অর্থ বছরের মেলান্দহ পৌরসভায় ১৮ জন, হাজরাবাড়ী পৌরসভায় ১৩ জন ও ১১টি ইউনিয়নের মাসিক ৬ জনের বরাদ্দ পাওয়া গেছে। ভাতাভোগীর নিজের নামে মোবাইল সিম রেজিষ্ট্রেশন থাকতে হবে। ইউনিয়ন কমিটিকে বরাদ্দ অনুযায়ী প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে যোগ্য প্রার্থীদের তালিকার হার্ড কপি এবং সফট কপি জরুরি ভিত্তিতে জমা দেয়ার জন্য অনুরোধ জানানো হয়। অফিসের ছাদের প্লাস্টার ভাঙ্গা, দেয়াল ও ছাদ দিয়ে পানি পড়ে ইত্যাদি বিভিন্ন বিষয় মেরামতের জন্য সভায় দৃষ্টি আকর্ষণ করেন। | নির্ধারিত তারিখের মধ্যে তালিকা জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, পোষাক তৈরি প্রশিক্ষণ কোর্স ৪ মাস, বেসিক কম্পিউটার ও আইসিটি এপ্লিকেশন-৬ মাস, ইলেকট্রনিক এন্ড হাউজ ওয়ারিং ৬ মাস, রেফিজারেশন এন্ড এয়ার কন্ডিশনিং ৬ মাস, ইলেকট্রনিক্স ৬ মাস, কোর্সগুলো চলমান প্রক্রিয়া এক ব্যাচ শেষ হলে আর একটি ব্যাচ শুরু হয়। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ১। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দের খাত ওয়ারি ৩২ টি প্রকল্প, উন্নয়ন তহবিল হতে ১৫ টি প্রকল্প ও রাজস্ব তহবিল হতে ২টি প্রকল্প (অক্টোবর/২৩ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরনির সাথে সংযুক্ত) অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।<br>২। তিনি সভায় আরও জানান, অফিসার্স ক্লাব মেরামত, গেরেজ মেরামত, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কার্যালয়ের গোডাউন তৈরির উল্লেলিখিত প্রকল্প ০৩টির প্রাক্কলন সহ পূর্ণাঙ্গ প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১। বিষয়টি সভায় আলোচনা করা হলো, আলোচনান্তে ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দের খাত ওয়ারি ৩২ টি প্রকল্প, উন্নয়ন তহবিল হতে ১৫ টি প্রকল্প ও রাজস্ব তহবিল হতে ২টি প্রকল্প বাস্তবায়ন করার জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। প্রকল্প ০৩টির প্রাক্কলন সহ পূর্ণাঙ্গ প্রস্তাব অনুমোদনের জন্য স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১৩ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১০ বাড়ির জন্য ১টি করে মোট ৩৩টি সাবমার্সিবল পাম্প ও ওভারহেড ট্যাংক যুক্ত পানির উৎসের স্থাপনের কাজ চলমান। মানব সম্পদ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নতি করন প্রকল্পের আওতায় ৩০-৪০ বাড়ির জন্য ১টি করে মোট ৩২ টি সাবমার্সিবল পাম্প ও ওভারহেড ট্যাংক যুক্ত পানির উৎসের স্থাপনের কাজ ও ১০০টি ওয়াশ বেসিন স্থাপনের কাজ চলমান আছে। সমগ্র দেশে গ্রামীন পানি সরবরাহ প্রকল্পের আওতায় ৬নং আদ্রা ইউনিয়নে ৩০০ পরিবারের জন্য পানি সরবরাহের লক্ষ্যে ১লক্ষ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ১টি ওভারহেড ট্যাংক ও পাইপলাইন স্থাপনের কাজ চলমান। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৫০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ বেসিন ও ৪০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মানের কাজ চলমান আছে। | আলোচনান্তে, চলমান কাজগুলো নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার জন্য সিদ্ধান্ত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ২০৫ টি সমবায় সমিতি রয়েছে। ২০২২-২০২৩ সালের অডিট কার্য ০১/০৭/২০২৩ খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১ টি আশ্রয়ণ প্রকল্প ও ০২ টি আশ্রয়ণ প্রকল্প ফেইজ-০২ রয়েছে। উক্ত আশ্রয়ণ প্রকল্প হতে ১০,০০০/- টাকা ঋণ আদায় করে জমা প্রদান করা হয়েছে। অত্র উপজেলায় ১৩(তের) টি আশ্রয়ণ-০২ প্রকল্প সমবায় সমিতি লি: নিবন্ধনের কার্যক্রম চলমান। সমবায় অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প, মেলান্দহ, জামালপুর এ ০১ নং দুরমুঠ ইউনিয়নের কলাবাধা গ্রাম ও ০৮ নং ফুলকোচা ইউনিয়নের ফুলকোচা গ্রাম নির্বাচন করে বেঞ্চ মার্ক সার্ভের জরিপ কাজ শেষ করে নিবন্ধন প্রদান করা হয়েছে এবং উক্ত সমিতি দুইটির সদস্যদের ০৪(চার)দিন ব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। | আলোচনান্তে, চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | বন বিভাগ | অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়নি। | | |
| ১৭ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স/২০২১ সালের পরীক্ষা গুলো সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে ০২। এইচ এস সি, এইচ এস সি(ভোকেশনাল)(বিএম/বিএমটি) ও আলিম পরীক্ষা/২০২৩ সুষ্ঠ ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হচ্ছে ০৩। শিক্ষা প্রতিষ্ঠানে অর্ধ-বার্ষিক ও ষান-মাসিক পরীক্ষাগুলো সুষ্ঠ ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে ০৪। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ইউনিক আইডির কাজ চলমান রয়েছে।০৫।ব্যানবেইস শিক্ষা জরিপ/২০২৩ কার্যক্রম চলমান রয়েছে ০৬। বিদ্যালয় পর্যায়ে অনলাইন আইএমএস কার্যক্রম চলমান রয়েছে।০৭। গ্রীষ্মকালীন খেলাধুলা/২০২৩ সুষ্ঠ ও সুন্দর পরিবেশে সম্পন্ন হয়েছে ০৭। দাপ্তরিক ও অন্যান্য কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১৮ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি/২৩ হতে জুন/২৩ পর্যন্ত ভি.ডব্লিউ.বি কার্যক্রম এর জন্য বরাদ্দ পাওয়া গেছে। খাদ্য বান্ধব কর্মসূচিতে ২১৬৫২ জন সুবিধাভোগী রয়েছে। মেলান্দহ ও হাজরাবাড়ী পৌরসভায় মোট ০৭ জন ডিলারের মাধ্যমে মেলান্দহ উপজেলায় ১৩ জন টিসিবি ডিলারের মাধ্যমে ওএমএস-এর চাল বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। নির্বাচন এলাকা ও উপজেলা পরিষদে ওয়ারি কাবিখা কার্যক্রম পর্যায়ে চালের কোন বরাদ্দ পাওয়া যায়নি। ফুড গ্রেইন লাইসেন্স ও মজুদ বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। | বিভিন্ন বাজার ও রাইস মিলে অতিরিক্ত মজুদ আছে কিনা মনিটরিং চলমান এবং লাইসেন্স ইস্যু চলমান। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৯ | বিবিধ | ১। মৎস্য বীজ উৎপাদন খামার, মেলান্দহ, জামালপুর এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সভায় জানান যে, সম্প্রসারণ কর্মকর্তা (মৎস্য) এর দপ্তরের অবকাঠামো গুলো দীর্ঘদিনের পুরোনো, জরাজীর্ণ এবং অফিস ভবন কাম ডরমিটরী বিল্ডিং এর ছাদ ধ্বসে পড়ছে, যার কারণে সেখানে বসে দাপ্তরিক কাজ করা অনেকাংশেই ঝুঁকিপূর্ণ। উপজেলা প্রকৌশলী ,এলজিইডি, মেলান্দহ কর্তৃক পরিদর্শনে বাস্তবতা উঠে এসেছে। ভবনগুলো ব্যবহারের অযোগ্য এবং ঝুঁকিপূর্ণ। এই সমস্যাগুলো সমাধান করা একান্ত প্রয়োজন।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মেলান্দহ, জামালপুর সভায় জানান যে, ফরেস্টার, ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা নার্সারিকেন্দ্র মেলান্দহ, জামালপুর ০৪.১০.২০২৩ তারিখের ১৬/মে.উ.না.কে নং স্মারক মূলে মেলান্দহ উপজেলা পরিষদের ভিতরে উপজেলা হলরুম নির্মাণ কাজের সাইটে বিভিন্ন প্রজাতির ০৮ (আট)টি খাড়া গাছের মূল্য নির্ধারণ পূর্বক উপজেলা নির্বাহী অফিসার, মেলান্দহ বরাবর প্রেরণ করেন যার মূল্য নিম্নরুপ:<br>১। ০২টি রেন্টি গাছের মূল্য = ২৫,২৫৫/-<br>২। ০২টি সেগুন গাছের মূল্য = ২০৭৩/-<br>৩। ০১টি মেহগনি গাছের মূল্য = ৯৫৮/-<br>৪। ০১টি আকাশমনি গাছের মূল্য = ২০২৬/-<br>৫। ০১টি বিবিধ গাছের মূল্য = ৫৩৭০/-<br>৬। ০১টি জাম গাছের মূল্য = ২০০/-<br>০৮ টি গাছের সর্ব মোট মূল্য = ৩৫,৮৮২/- টাকা<br>তিনি সভায় আরও জানান যে, ফরেস্টার কর্তৃক প্রাক্কলিত সর্ব মোট ০৮ টি গাছের সর্ব মোট মূল্য ৩৫,৮৮২/- ( পয়ত্রিশ হাজার আটশত বিরাশি) টাকা নিলামে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, জামালপুর বরাবর প্রেরণ করার জন্য প্রয়োজন। | ১। আলোচনান্তে,সংস্কার/পুন:গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে তার বিভাগকে জানানোর জন্য এ সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উল্লিখিত ০৮টি গাছ কর্তন ও নিলামের বিক্রয় প্রস্তব অনুমোদনের জন্য জেলা প্রশাসক, জামালপুর মহোদয়ের বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সম্প্রসারণ কর্মকর্তা (মৎস্য)।<br>২। উপজেলা প্রকৌশলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ কামরুজ্জামান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
তারিখ : ১২.১০.২০২৩

স্মারক নং :উপকা.মেলা.২০২৩.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। জনাব মির্জা আজম এমপি, ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। .................................................. সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৫। অফিস কপি।

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ মেলান্দহ
জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৩.৩৮০ তম

তারিখঃ ০৮.১০.২০২৩

নোটিশ

আগামী ১২.১০.২০২৩ তারিখ, রোজ বৃহস্পতিবার দুপুর ১২.০০ ঘটিকায় মির্জা আজম আধুনিক অডিটরিয়াম ২য় তলার হল রুমে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ১২.১০.২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ১১.১০.২০২৩ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সেলিম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

........উপজেলা চেয়ারম্যান মহোদয়........
........................................ সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৩.৩৮১

তারিখঃ ০৮.১০.২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১। জনাব মির্জা আজম এমপি- ১৪০ জামালপুর-৩, বস্ত্র ও পাট মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ও সম্মানীত উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।
২। জেলা প্রশাসক, জামালপুর।
৩। জনাব, মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

# অক্টোবর/২০২৩ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মোঃ কামরুজ্জামান, চেয়ারম্যান উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭১১-৬৩৬৮৮৫<br>uzchairmanmelandah@gmail.com | |
| ২. | শফিক জাহেদী রবিন<br>মেয়র মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ৩. | মেয়র হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | | |
| ৪. | ডাঃ মোঃ ইউনুস আলী<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | 01712628050 | |
| ৫. | জেসমিন আখ্তার<br>ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, মেলান্দহ | 01725154213 | |
| ৬. | সৈয়দ খালেকুজ্জামান জুবেরী<br>চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | | |
| ৭. | মোঃ আঃ ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | 01715-340425 | |
| ৮. | মোহাম্মদ আলী জিন্নাহ<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন পরিষদ | | |
| ৯. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | 01773918588 | |
| ১০. | মোঃ শফিউল আলম<br>চেয়ারম্যান ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | 01719-815496 | |
| ১১. | মোঃ রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | 01320391040 | |
| ১২. | মোঃ শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৩. | মোঃ মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | 01716287050 | |
| ১৪. | মোঃ সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | 01711548178 | |
| ১৫. | মোছাঃ আঞ্জুমনোয়ারা হেনা<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | ০১৭২০৯০৮৬৯০ | |
| ১৬. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | | |

## অক্টোবর/২০২৩ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মো: সেলিম মিঞা, উপজেলা নির্বাহীঅফিসার মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | 01749051050 | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | | |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়াসাল<br>উপজেলা কৃষি অফিসার | ~~[illegible]~~ 01722260393 | |
| ০৫ | মো: মাহমুদুর রহমান<br>সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা | ০১৭১৮৮২০০২০<br>mahmudur.fro@gmail.com | |
| ০৬ | ডা: মো: আতিকুর রহমান<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | ০১৭২৪২৭০১১৬<br>ulomelandahjamalpur@gmail.com | |
| ০৭ | মো: আ: রাজ্জাক<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 01721330075<br>pio.razzaque@yahoo.com | |
| ০৮ | আসাদুল ইসলাম<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | 01717939245 | |
| ০৯ | মো: [illegible] আবুল কালাম<br>ভা.প্র. উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01710762972 | |
| ১০ | সাজেদা আরফিন<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১৭১৬৫২০৮২৪ | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | 01715-301977<br>melandahdyd@gmail.com | |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01721704152<br>ue.melendah@lged.gov.bd | |
| ১৩ | মো: জাকির হোসেন<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 01818-822698<br>zakir[illegible]@gmail.com | |
| ১৪ | মো: হাবিবুলাহ<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01716413833 | |
| ১৫ | মো: নাছির উদ্দিন<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | 01703-575702 | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | | |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01710 880702<br>ucfmelandaha85c@gmail.com | |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435<br>raihan.ucgdp@gmail.com | |